



রপ্তানি উন্নয়ন ব্যুরো

১, কাওরান বাজার  
ঢাকা।

Website: [www.epb.gov.bd](http://www.epb.gov.bd)



নং- ২৬.০২.০০০০.২১.২৫.৫০.২৭৪.২১/৪২৪

তারিখঃ ১৬ পৌষ, ১৪৩০  
৩১ ডিসেম্বর, ২০২৩

বিষয়ঃ স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নে কর্মপরিকল্পনা প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ বাণিজ্য মন্ত্রণালয় পত্র নং ২৬.০০.০০০০.০৮৭.৯৯.০০১.২৩.৪৮০ তারিখঃ ২১ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় এবং সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে সংযুক্ত ছক মোতাবেক স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নে রপ্তানি উন্নয়ন ব্যুরোর কর্মপরিকল্পনা এতদসঙ্গে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)।

০২। বিষয়টি মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

সিনিয়র সচিব  
বাণিজ্য মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়  
ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ জনাব সুলতানা আক্তার, উপসচিব।

  
৩১/১২/২০২৩  
এ.এইচ.এম. আহসান  
(ভাইস-চেয়ারম্যান)



**স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নে রপ্তানি উন্নয়ন ব্যুরোর কর্মপরিকল্পনাঃ**

<p><b>গৃহিত/প্রস্তাবিত স্মার্ট উদ্যোগের নামঃ</b></p>	<p>কৃত্রিম বুদ্ধিমত্তা প্রযুক্তির মাধ্যমে রপ্তানি পরিসংখ্যান সংকলন, বিশ্লেষণ এবং অংশীজন উপযোগী প্রতিবেদন তৈরী।</p>
<p><b>স্মার্ট উদ্যোগের সংক্ষিপ্ত ধারণা/বিবরণঃ</b></p>	<p>কৃত্রিম বুদ্ধিমত্তা প্রযুক্তির মাধ্যমে রপ্তানি পরিসংখ্যান সংকলন, বিশ্লেষণ এবং অংশীজন উপযোগী প্রতিবেদন তৈরী।</p> <p>রপ্তানি উন্নয়ন ব্যুরো কর্তৃক সংকলনকৃত রপ্তানি পরিসংখ্যান দেশের নীতিনির্ধারক থেকে শুরু করে অর্থনীতিবিদ, একাডেমিসিয়ান, গবেষক সহ সরকারী-বেসরকারী ব্যবসা সহায়ক প্রতিষ্ঠান ব্যবহার করে থাকে। ব্যাপ্তিক অর্থনৈতিক দৃষ্টিকোণ থেকে এই ধরনের তথ্যের গুরুত্ব অপরিসীম। বৈদেশিক মুদ্রা অর্জনের অন্যতম প্রধান স্তম্ভ রপ্তানিখাত হওয়ায় এর নির্ভুল সংকলন অর্থনৈতিক দৃষ্টিকোণ থেকে অত্যন্ত গুরুত্বপূর্ণ। সরকারী কর্মকর্তা, নীতি নির্ধারক এবং অংশীজনদের ব্যবহার উপযোগী রপ্তানি পরিসংখ্যান প্রদানের জন্য AI প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে রপ্তানির গতিপ্রকৃতি, চাহিদা পূর্বানুমান, নতুন পণ্য ও রপ্তানি গন্তব্য অনুসন্ধান সহ বিভিন্ন ইনফোগ্রাফিক্স ব্যবহারের মাধ্যমে চাহিদা অনুযায়ী প্রতিবেদন প্রণয়নের উদ্দেশ্যে ডাটা এনালাইসিস সফটওয়্যার প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। AI ব্যবহারের মাধ্যমে প্রস্তাবিত সফটওয়্যারটি তৈরী করে বাংলাদেশ ব্যাংক, জাতীয় রাজস্ব বোর্ড এবং রপ্তানি উন্নয়ন ব্যুরোর মধ্যে রপ্তানি আয়ে বিদ্যমান অসংগতি নিরসন করা সম্ভবপর হবে। পাশাপাশি অংশীজনেরা তাদের চাহিদামত তথ্যাদি সংগ্রহ করে তাদের কাঙ্ক্ষিত উদ্দেশ্য বাস্তবায়ন করতে সক্ষম হবে।</p>
<p><b>উদ্যোগটির মাধ্যমে যে সমস্যা সমাধান হয়েছে/হবেঃ</b></p>	<p>স্মার্ট বাংলাদেশ ভিশন-২০৪১ বাস্তবায়নের লক্ষ্যে AI প্রযুক্তি ব্যবহার করে প্রস্তাবিত ডাটা এনালাইসিস সফটওয়্যার এর মাধ্যমে অংশীজনেরা খুব সহজে তাদের ব্যবহার উপযোগী বিশ্লেষণধর্মী ডাটা অনলাইনের মাধ্যমে পেতে সক্ষম হবেন। প্রধান ৩টি সংস্থা বাংলাদেশ ব্যাংক, জাতীয় রাজস্ব বোর্ড এবং রপ্তানি উন্নয়ন ব্যুরোর রপ্তানি ডাটা অসংগতি দূরীকরণের ক্ষেত্রে, প্রস্তাবিত Software-টি অগ্রণী ভূমিকা পালন করবে। বাস্তবসম্মত রপ্তানি লক্ষ্যমাত্রা নির্ধারণের জন্য ব্যুরো কর্তৃক গৃহীত উদ্যোগটি কার্যকর অবদান রাখবে।</p>
<p><b>উদ্যোগটি বাস্তবায়নকারী সংস্থার নামঃ</b></p>	<p>রপ্তানি উন্নয়ন ব্যুরো।</p>
<p><b>উদ্যোগটির সাথে সংশ্লিষ্ট স্মার্ট বাংলাদেশের স্তম্ভঃ</b></p>	<p>ব্যুরো কর্তৃক গৃহীত AI প্রযুক্তির মাধ্যমে রপ্তানি ডাটা সংকলন এবং অংশীজন ব্যবহার উপযোগী ডাটা বিশ্লেষণ সফটওয়্যারটি সরকারের স্মার্ট বাংলাদেশ ভিশন-২০৪১-এর চারটি স্তম্ভ যথা: Smart government, Smart citizen, Smart economy and Smart society-এর সাথে সংশ্লিষ্ট। ডাটা এনালাইসিস সফটওয়্যারের মাধ্যমে অনলাইনে অংশীজনগণ তাদের কাঙ্ক্ষিত সেবা পেতে সক্ষম হবেন। বিশ্লেষণধর্মী সফটওয়্যার এর মাধ্যমে কাঙ্ক্ষিত ডাটা প্রাপ্তির দ্বারা SME ভুক্ত প্রতিষ্ঠানসহ বৃহদাকারের শিল্প প্রতিষ্ঠানসমূহ তাদের উৎপাদিত পণ্যের নতুন বাজার অন্বেষণ এবং বিদ্যমান বাজার সুসংগত করার জন্য কৌশলগত পরিকল্পনা নির্ধারণ করতে পারবেন। ফলস্বরূপ, সমগ্র প্রক্রিয়াটি Smart economy and Smart society তৈরিতে ভূমিকা পালন করবে।</p>

<p><u>স্মার্ট বাংলাদেশ কার্যক্রম</u> <u>সমূহের সাথে সমন্বয়ঃ</u></p>	<p>স্মার্ট বাংলাদেশ ভিশন-২০৪১-এর চারটি স্তরের সাথে গৃহীত উদ্যোগটির সংশ্লিষ্টতা রয়েছে। AI-এর কমপোনেন্ট যেমন: Learning, Reasoning, Problem solving, Perception, Language understanding (Natural language processing(NLP)) এবং Machine reading (voice recognition) ইত্যাদি ব্যবহার করা হবে। ফলে, সফটওয়্যারটি ব্যবহারের মাধ্যমে নীতি নির্ধারক, সরকারী-বেসরকারী বাণিজ্য সহায়ক প্রতিষ্ঠান, ট্রেড প্রমোশনাল অর্গানাইজেশন সহ সকল অংশীজন দ্রুত সময়ের মধ্যে তাদের চাহিদা অনুযায়ী ডাটা এনালাইসিস করে বিভিন্ন ধরনের রিপোর্ট জেনারেট করতে পারবে। গৃহীত উদ্যোগটির মাধ্যমে সার্বিক অর্থনৈতিক কর্মকাণ্ডে একটি ইতিবাচক প্রভাব পড়বে মর্মে ব্যুরো মনে করে।</p>
<p><u>স্মার্ট বাংলাদেশের সাথে সংশ্লিষ্ট</u> <u>অধিক্ষেত্রঃ</u></p>	<p>বিশ্লেষণধর্মী চাহিদা মার্কিন রপ্তানি তথ্যাদি প্রদানের মাধ্যমে রপ্তানি বাণিজ্য এবং বিনিয়োগ সম্প্রসারণের ক্ষেত্রে ব্যুরো কর্তৃক গৃহীত উদ্যোগটি গুরুত্বপূর্ণ অবদান রাখবে। সার্বজনীন তথ্য উপাত্ত প্রদানের মাধ্যমে প্রস্তাবিত Software-টি বাণিজ্য ভারসাম্যের প্রকৃত চিত্র তুলে ধরার ক্ষেত্রে কার্যকর অবদান রাখবে। এছাড়াও সরকারের সিদ্ধান্ত গ্রহণ এবং বৈদেশিক মুদ্রার রিজার্ভে স্বচ্ছতা আনয়নের ক্ষেত্রে ব্যুরোর গৃহীত উদ্যোগ অগ্রণী ভূমিকা পালন করবে।</p>
<p><u>উদ্যোগ বাস্তবায়নে</u> <u>সহযোগী/অংশীজন সংস্থার</u> <u>নামঃ</u></p>	<p>ব্যবসায়ী সংগঠন, জাতীয় রাজস্ব বোর্ড, বাংলাদেশ ব্যাংক।</p>

